# বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়, ঢাকা।**

website: www.bb.org.bd

**মনিটারি পলিসি ডিপার্টমেন্ট**


এমপিডি সার্কুলার নং-০২

তারিখঃ ০২ আগস্ট ২০২৬ / ১৮ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রশাসক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি।

**নীতি সুদহার করিডোর পুনঃনির্ধারণ প্রসঙ্গে**

প্রিয় মহোদয়,

বিগত ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারিকৃত নীতি সুদহার করিডোর সংক্রান্ত এমপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এক্ষণে, গত ৩০ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত মনিটারি পলিসি কমিটি (এমপিসি) এর সভার সিদ্ধান্ত অনুযায়ী বেসরকারি খাতে ঋণ প্রবাহ ও বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক পুনরুদ্ধার জোরদারকরণের লক্ষ্যে নীতি সুদহার (রেপো সুদহার) বিদ্যমান শতকরা ১০.০ শতাংশ হতে ৫০ বেসিস পয়েন্ট হ্রাস করে ৯.৫০ শতাংশে এবং নীতি সুদহার করিডোরের ঊর্ধ্বসীমা স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি (এসএলএফ) সুদহার বিদ্যমান শতকরা ১১.৫০ শতাংশ হতে ৫০ বেসিস পয়েন্ট হ্রাস করে ১১.০ শতাংশে পুনঃনির্ধারণ করা হলো। তবে, নীতি সুদহার করিডোরের নিম্নসীমা স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি (এসডিএফ) সুদহার বিদ্যমান শতকরা ৭.৫০ শতাংশে অপরিবর্তিত রাখা হলো।

০৩। বর্ণিত সিদ্ধান্ত ০২ আগস্ট ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ড. মোহাম্মদ মনিরুল ইসলাম সরকার)
পরিচালক (এমপিডি)
ফোনঃ ৯৫৩০০৫৯